

চ) তথ্য প্রযুক্তি খাতে অর্জিত আয়কে ৩০ জুন ২০১৯ পর্যন্ত কর অব্যাহতি প্রদানঃ
আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৬ষ্ঠ তফসিলের পার্ট-A এর প্যারা 33 সংশোধন করে
Software Development অথবা Nationwide Telecommunication Transmission
Network (NTTN) এবং Information Technology Enabled Service (ITES)
খাতে অর্জিত আয়কে ৩০ জুন ২০১৯ পর্যন্ত কর অব্যাহতি প্রদান করা হয়েছে।

ছ) সিনেমা হল বা সিনেপেক্স এর কর অব্যাহতি সংক্রান্ত প্যারাগ্রাফ 44
সংশোধনঃ

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৬ষ্ঠ তফসিলের পার্ট-A এর প্যারাগ্রাফ 44 সংশোধন
করে যে সকল সিনেমা হল বা সিনেপেক্স ১ জুলাই, ২০১৪ থেকে ৩০ জুন, ২০১৯ এর
মধ্যে বাণিজ্যিক প্রদর্শনী শুরু করবে, সে সকল সিনেমা হল বা সিনেপেক্সের আয়কে
নিম্নরূপে কর অব্যাহতি প্রদানের বিধান করা হয়েছেঃ-

অ) ঢাকা ও চট্টগ্রাম বিভাগ (তিন পার্বত্য জেলা ব্যতীত) এর ক্ষেত্রেঃ-

সময়কাল	কর অব্যাহতির হার
প্রথম ২ বছর	১০০%
৩য় ও ৪র্থ বছর	৫০%
৫ম বছর	২৫%

আ) রাজশাহী, খুলনা, সিলেট, রংপুর ও বরিশাল বিভাগ এবং তিন পার্বত্য জেলার
ক্ষেত্রেঃ-

সময়কাল	কর অব্যাহতির হার
প্রথম ৩ বছর	১০০%
৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ বছর	৫০%
৭ম, ৮ম, ৯ম ও ১০ম বছর	২৫%

১ জুলাই, ২০১২ থেকে ৩০ জুন, ২০১৪ এর মধ্যে রাজশাহী, খুলনা, সিলেট, রংপুর
ও বরিশাল বিভাগ এবং তিন পার্বত্য জেলায় যে সকল সিনেমা হল বা সিনেপেক্স
বাণিজ্যিক প্রদর্শনী শুরু করবে, সে সকল সিনেমা হল বা সিনেপেক্স পূর্বের বিধান
অনুযায়ী ক্রমহাসমান হারে ৭ বছরের জন্য কর অব্যাহতি প্রাপ্ত হবে। যে সকল
সিনেপেক্স বা সিনেমা হল ১ জুলাই, ২০১৪ থেকে ৩০ জুন, ২০১৯ এর মধ্যে উল্লিখিত
এলাকায় বাণিজ্যিক প্রদর্শনী শুরু করবে, সে সকল সিনেপেক্স বা সিনেমা হল নতুন
বিধান অনুসারে ১০ বছরের জন্য উপরোক্ত ছকে বর্ণিত ক্রমহাসমান হারে কর
অব্যাহতি প্রাপ্ত হবে।